

১১। নির্বাহী কমিটি

ট্রাস্টের কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় সার্বক্ষণিক সহায়তা প্রদানের জন্য নিম্নরূপ একটি নির্বাহী কমিটি থাকিবে :

- | | |
|--------------------------------|-----------|
| (ক) বোর্ডের ভাইস চেয়ারপারসন | - সভাপতি। |
| (খ) বোর্ডের মনোনীত দুইজন সদস্য | - সদস্য। |

১২। নির্বাহী কমিটির কার্যাবলী

এই প্রবিধানমালা অনুযায়ী ট্রাস্টি বোর্ডের নির্বাহী কমিটি নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করিবে:

- (ক) ট্রাস্টের দৈনন্দিন কার্যাবলী তত্ত্বাবধান;
- (খ) ট্রাস্টের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অফিস, বাড়ি ও অন্যান্য সরঞ্জামাদি ভাড়া নেওয়া এবং ইহার জন্য চুক্তি করা ;
- (গ) ট্রাস্টের পক্ষে সকল প্রকার মামলা পরিচালনা করা ;
- (ঘ) ট্রাস্ট কর্তৃক অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পরিচালক ও অন্যান্য কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা।

১৩। নির্বাহী কমিটির সভা

নির্বাহী কমিটি প্রতি দুই মাসে কমপক্ষে একটি সভায় মিলিত হইবে। সভাপতির নির্দেশে ট্রাস্টের পরিচালক জরুরি প্রয়োজনে ২৪ ঘণ্টার নোটিশে কমিটির সভা আহ্বান করিতে পারিবেন।

১৪। বোর্ডের পরিচালকের কার্যাবলী

- (ক) নির্বাহী কমিটির সার্বিক তত্ত্বাবধানে ট্রাস্টের দৈনন্দিন প্রশাসনিক কাজ পরিচালনা করা ;
- (খ) পরিচালক হিসাবে তাঁহার উপর অর্পিত দায়িত্ব সম্পাদন এবং ট্রাস্টের সিদ্ধান্ত বাস্তবায়ন ;
- (গ) ট্রাস্টের কর্মচারীদের নিয়ন্ত্রণ, সমন্বয় এবং তত্ত্বাবধান ;
- (ঘ) চেয়ারপারসন/ভাইস চেয়ারপারসনের সাথে আলোচনা করিয়া বোর্ড অব ট্রাস্টির সভা আহ্বান ;
- (ঙ) চেয়ারপারসন/ভাইস চেয়ারপারসনের সাথে আলোচনা করিয়া বাজেট পেশ;
- (চ) প্রশাসনিক শৃঙ্খলা রক্ষার লক্ষ্যে নির্বাহী কমিটির নিকট সুপারিশ পেশ ;
- (ছ) ট্রাস্টি বোর্ডের অনুমোদনক্রমে আর্থিক বিধি মোতাবেক যাবতীয় ব্যয় নির্বাহ ;
- (জ) ট্রাস্টি বোর্ড এবং নির্বাহী কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলী সম্পাদন।